# চট্টগ্রামে শনিবারের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষাও স্থগিত

**নিজস্ব প্রতিবেদক**
১০ জুলাই ২০২৬, ০৬:২৪ পিএম




বাংলাদেশ মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড। ছবি: সংগৃহীত

বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলার এইচএসসি পরীক্ষার পাশাপাশি ওই সব জেলার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের আগামীকাল শনিবারের পরীক্ষাও (আলিম ও এইচএসসি বিএমটি) স্থগিত করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, বন্যা পরিস্থিতির সার্বিক অবস্থা বিবেচনায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলা প্রশাসকের প্রতিবেদন এবং শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সুপারিশের ভিত্তিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

স্থগিত হওয়া পরীক্ষাগুলোর মধ্যে রয়েছে এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষার শনিবারের নির্ধারিত পরীক্ষা। এসব পরীক্ষার নতুন সময়সূচি পরে ঘোষণা করা হবে।

অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামন আরও জানান, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের বাইরে দেশের অন্যান্য শিক্ষা বোর্ডের নির্ধারিত পরীক্ষা পূর্বঘোষিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। একইভাবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চট্টগ্রাম বোর্ডের আওতাধীন জেলার বাইরে অন্য সব জেলার পরীক্ষাও যথারীতি গ্রহণ করা হবে।